**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 08-12-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) হস্ততাঁত ও হস্তকারু মন্ত্রী বিকাশ দেববর্মা আজ ৭ দিনব্যাপী হস্তশিল্প প্রদর্শনী ও মেলার উদ্বোধন করেন।**
**(২) খোয়াই জেলায় আদর্শ সৌর গ্রাম গড়ে তুলতে অভিনব উদ্যোগ নিয়েছে খোয়াই জেলা প্রশাসন।**
**(৩) বন্দে মাতরম্ সঙ্গীতের ১৫০তম বার্ষিকী উপলক্ষে লোকসভায় আজ আলোচনা হয়।**

**(৪) মহিলাদের ঘরোয়া নকআউট ফুটবল প্রতিযোগিতায় ত্রিপুরা স্পোর্টস স্কুল চ্যাম্পিয়ন হয়েছে।**

*********************************************

**Handicraft Exhibition :**

হস্ততাঁত ও হস্তকারু মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, গ্রামীন মহিলাদের স্বনির্ভর করার মধ্য দিয়ে এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ার লক্ষ্যে এগোচ্ছে রাজ্য সরকার। জাতীয় হস্তশিল্প সপ্তাহ উপলক্ষে আগরতলার পূর্বাশা প্রাঙ্গনে আজ ৭ দিনব্যাপী হস্তশিল্প প্রদর্শনী ও মেলার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, দেশ বিদেশে রাজ্যের তৈরি বাঁশবেতের সামগ্রীর চাহিদা বাড়ছে। এই সমস্ত সামগ্রী আরো বেশি করে বাজারজাত করার জন্য গুণমান বজায় রেখে মূল্য নির্ধারণের ওপর তিনি গুরুত্ব আরোপ করেন। সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায় উৎপাদিত সামগ্রীর নক্সা, গুনমান প্যাকেজিং-এর উপর গুরুত্ব আরোপ করেন। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার ভারপ্রাপ্ত জিলা সভাধিপতি বিশ্বজিৎ শীল, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, কর্পোরেটর মনি মুক্তা ভট্টাচার্য প্রমুখ।

**************************

**Model Solar Village-Khowai :**

খোয়াই জেলায় আদর্শ সৌর গ্রাম গড়ে তুলতে অভিনব উদ্যোগ নিয়েছে খোয়াই জেলা প্রশাসন। এই লক্ষ্যে আজ জেলাশাসকের কার্যালয়ে একটি প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। প্রশিক্ষণ শিবিরে পি-এম সূর্য ঘর, পি-এম কুসুম সহ একগুচ্ছ কেন্দ্রীয় প্রকল্প বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রশিক্ষণ শিবিরে উপস্থিত ছিলেন জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়, সহ-সভাপতি সত্যেন্দ্র নাথ, খোয়াই জেলার সবকটি গ্রাম পঞ্চায়েতের প্রধান এবং এডিসি ভিলেজের প্রতিনিধিগণ। খোয়াই জেলার অতিরিক্ত জেলাশাসক অভেদানন্দ বৈদ্য আমাদের আকাশবাণীর প্রতিনিধি আশীষ চক্রবর্তীকে জানিয়েছেন, সৌরবিদ্যুৎ উৎপাদনে উৎসাহিত করতে খোয়াই জেলার ১৬০টি গ্রাম পঞ্চায়েত ও এডিসি ভিলেজে ১টি প্রতিযোগিতার আয়োজন করা হবে। আগামী ৬ মাসের মধ্যে যে গ্রাম পঞ্চায়েত বা এডিসি ভিলেজ সবচেয়ে বেশি সৌরবিদ্যুৎ উৎপাদন করতে পারবে সেই গ্রাম পঞ্চায়েত বা এডিসি ভিলেজকে ১ কোটি টাকা পুরস্কার দেওয়া হবে। তিনি জানান পিএম কুসুম প্রকল্পে কৃষিক্ষেত্রে সৌর বিদ্যুতের মাধ্যমে সেচ ব্যবস্থার জন্য কৃষকদের মাত্র ৫০০ টাকা দিতে হয়। এক্ষেত্রে রাজ্য সরকার ৯০ শতাংশ অর্থ ভর্তুকী হিসাবে বহন করে।

******************************

**AMC :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলা পুরনিগমের চতুর্থ বর্ষ পূর্তি উপলক্ষে মেয়র দীপক মজুমদারকে অভিনন্দন জানিয়েছেন। মেয়র শ্রী মজুমদার জানিয়েছেন, চতুর্থ বর্ষ পূর্তিতে স্বচ্ছতা পুরস্কার ঘোষণা করেছে আগরতলা পুরনিগম। বিভিন্ন ক্লাব, সামাজিক সংস্থাগুলি এই পুরস্কারের আওতায় আসবে। পুরস্কারের আর্থিক মূল্য ৩ লক্ষ, ২ লক্ষ ও ১ লক্ষ টাকা। থাকবে আরো ৫০টি নগদ পুরস্কার।

******************************

**Package Story–Migrated Birds :**

ত্রিপুরার বিভিন্ন জলাশয়ে শীতকালে পরিযায়ী পাখির আগমন এক অন্যতম আকর্ষণ। এরকম এক উজ্জ্বল ঠিকানা উদয়পুরের সুখ সাগর জলা। এনিয়ে একটি প্রতিবেদন।

########VC#######

******************************

**CM–Condolence :**

উত্তরপ্রদেশে সড়ক দুর্ঘটনায় মৃত ইন্টার্নি চিকিৎসক সপ্তর্ষি দাসের মৃতদেহ আজ আগরতলায় তার রামনগরস্থিত বাড়িতে নিয়ে আসা হয়। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ও আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার তাকে শেষ শ্রদ্ধা জানান।

****************************

**BJP Meeting :**

প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্যের পৌরোহিত্যে আজ আগরতলায় দলীয় কার্যালয়ে এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন ত্রিপুরা প্রদেশ প্রভারী ডাঃ রাজদ্বীপ রায় এবং ত্রিপুরা ও আসাম প্রদেশের সংগঠন মহামন্ত্রী রবীন্দ্র রাজু প্রমুখ।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Vandemataram :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বন্দে মাতরম্ সঙ্গীতের ১৫০তম বার্ষিকী উপলক্ষে লোকসভায় আলোচনার সূচনা করেন। তিনি বলেন যে, বন্দে মাতরমের মন্ত্র সমগ্র দেশকে শক্তি ও অনুপ্রেরণা দিয়েছে এবং স্বাধীনতা আন্দোলনকে উজ্জীবিত করেছে। তিনি বলেন, বন্দে মাতরমের ১০০তম বার্ষিকী উদযাপনের সময় দেশে জরুরি অবস্থা জারি ছিল। তখন ভারতের সংবিধানকে হত্যা করা হয়েছিল। প্রধানমন্ত্রী বলেন, বন্দে মাতরম কেবল রাজনৈতিক স্বাধীনতার মন্ত্র নয়, বরং এটি ভারত মাতাকে উপনিবেশবাদের শৃঙ্খল থেকে মুক্ত করার জন্য একটি পবিত্র যুদ্ধের স্লোগান ছিল।

######Byte-PM 1 #######

প্রধানমন্ত্রী বলেন, ব্রিটিশ সরকার কর্তৃক বিভিন্ন ধরণের নিপীড়নের বিরুদ্ধে বিদ্রোহে এই সঙ্গীতের মাধ্যমে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় অত্যন্ত শক্তি এবং দৃঢ়তার সঙ্গে সাড়া দিয়েছেন। তিনি বলেন বন্দে মাতরম স্বাধীনতা আন্দোলনকে শক্তি ও দিকনির্দেশনা দিয়েছিল। প্রধানমন্ত্রী বন্দে মাতরমের বিরোধিতাকারী মুসলিম লীগের সঙ্গে আপস করার অভিযোগ এনে কংগ্রেসের সমালোচনা করেন।

######Byte-PM 2 #######

বিতর্কে অংশ নিয়ে কংগ্রেস সাংসদ গৌরব গগৈ বলেন, স্বাধীনতা আন্দোলনের সময় বাংলার বেশ কয়েকজন লেখক ও কবি এমন গান

লিখেছিলেন যা অনেককে অনুপ্রাণিত করেছিল। তিনি অভিযোগ করেন যে প্রধানমন্ত্রী তাঁর বক্তৃতায় বিতর্ককে রাজনৈতিক রঙ দেওয়ার চেষ্টা করেছেন।

সমাজবাদী পার্টির নেতা অখিলেশ যাদব বলেন, বন্দে মাতরম মানুষকে ঐক্যবদ্ধ করেছে। তিনি দাবি করেন যে বন্দে মাতরমের পেছনের আবেগ ছিল সাম্প্রদায়িক রাজনীতি প্রত্যাখ্যান করা।

টিএমসির কাকলি ঘোষ দস্তিদার বলেন, বন্দে মাতরম হল প্রতিটি ভারতীয়ের হৃদয়ে দৃঢ় সংকল্প এবং চেতনার সৃজনশীল প্রেরণা।

জেডি(ইউ)-এর দেবেশ চন্দ্র ঠাকুর বলেন, বন্দে মাতরম কেবল একটি গান ছিল না, জাগরণের জাতীয় আহ্বান ছিল।

আলোচনার শুরুতে, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেন, বন্দে মাতরম সঙ্গীত ঔপনিবেশিক নিপীড়নের বিরুদ্ধে ভারতের লড়াই এ, আলো এবং আশা প্রদান করেছে।

****************************

**FDTL :**

কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কে রামমোহন নাইডু বলেছেন যে বিমান নিরাপত্তার সঙ্গে কোনও আপোস করা হবে না কারণ এটি সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। ফ্লাইট ডিউটি টাইম লিমিটেশন, FDTL নির্দেশিকা বাস্তবায়ন সম্পর্কিত সম্পূরক প্রশ্নের উত্তরে, শ্রী নাইডু আজ রাজ্যসভায় জানান যে সরকার বেশ কিছু উড়ান বাতিলের পরিপ্রেক্ষিতে উদ্ভূত পরিস্থিতির তদন্ত করছে। তিনি বলেন, যদি কোনও ব্যক্তি, কোনও সংস্থা বা অসামরিক বিমান পরিবহন শিল্পে কর্মরত কোনও অপারেটর এই নির্দেশিকা অমান্য করে, তাহলে সরকার কঠোর ব্যবস্থা গ্রহণ করে সমস্ত বিমান সংস্থার জন্য একটি উদাহরণ স্থাপন করবে।

****************************

**LPG :**

পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস প্রতিমন্ত্রী সুরেশ গোপী বলেছেন যে সারা দেশে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার আওতায় বিনামূল্যে প্রায় ১০ কোটি ৩৩ লক্ষ এলপিজি সংযোগ দেওয়া হয়েছে। আজ রাজ্যসভায় এক প্রশ্নের লিখিত উত্তরে শ্রী গোপী বলেন যে দরিদ্র পরিবারের মহিলাদের বিনামূল্যে আমানত হিসেবে এলপিজি সংযোগ প্রদানের জন্য এই প্রকল্পটি ২০১৬ সালে চালু করা হয়েছিল। তিনি বলেন, সরকার সম্প্রতি ২০২৫-২৬ সালে ২৫ লক্ষ অতিরিক্ত এলপিজি সংযোগ প্রদানের অনুমোদন দিয়েছে। মন্ত্রী বলেন, এই প্রকল্পের ফলে কাঠ, গোবর এবং ফসলের অবশিষ্টাংশের মতো কঠিন জ্বালানি পোড়ানোর রান্নার পদ্ধতি কমেছে।

*************************

**Promo Fest :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে আজ সচিবালয়ে আগামী ১২ই ডিসেম্বর পর্যটন দপ্তরের উদ্যোগে আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে অনুষ্ঠিতব্য "Unity Promo Fest-2025" এর সমাপনী অনুষ্ঠানকে কেন্দ্র করে প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। মন্ত্রী শ্রী চৌধুরী বলেন এই প্রোমো ফেস্ট, রাজ্যের বৈচিত্র্যের মধ্যে ঐক্য উদযাপনের একটি মাধ্যম হিসেবে কাজ করবে এবং একই সঙ্গে রাজ্যের অপরিসীম পর্যটন সম্ভাবনা প্রদর্শন করবে।

******************************

**Classical Music :**

ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে তথ্য-সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত অশ্বিনী কুমার বিশ্বাস স্মৃতি শাস্ত্রীয় সংগীত তবলা প্রতিযোগিতার উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুমতি দাস প্রমুখ। আজ ঊনকোটি জেলার ষষ্ঠ থেকে

দশম শ্রেণী পর্যন্ত পড়ুয়া উনিশ জন ছাত্র-ছাত্রী প্রতিযোগিতায় অংশ নেয়। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের পুরষ্কার তুলে দেওয়া হয়।

*************************

**Women's Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত মহিলাদের ঘরোয়া নকআউট ফুটবল প্রতিযোগিতায় ত্রিপুরা স্পোর্টস স্কুল চ্যাম্পিয়ন হয়েছে। আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত আসরের ফাইনাল খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল ৪-০ গোলে জম্পুইজলা প্লে সেন্টারকে পরাজিত করে। ম্যাচের শেষে চ্যাম্পিয়ন ও রানার্স দলকে ট্রফি ও প্রাইজমানি তুলে দেয়া হয়। অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের কর্পোরেট রত্না দত্ত ও সঙ্গীত শিল্পী তিথি দেববর্মণ উপস্থিত ছিলেন।

*************************

**T-20 Cricket :**

সৈয়দ মুস্তাক আলী টি-২০ জাতীয় ক্রিকেটের গ্রুপের সপ্তম তথা শেষ ম্যাচে সুপার ওভারে জয় পেলো ত্রিপুরা। আমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় আজ রাজ্যদল সুপার ওভারে কর্ণাটককে হারায়। ২০ ওভারে উভয় দল ১৯৭ রান করলে সুপার ওভারে ম্যাচের ফয়সলা। ফলে মোট সাত ম্যাচে রাজ্যদল দুটি জয় পেলেও বাকী পাঁচটিতে পরাজিত হয়।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াস।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *